শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি

প্রধান কার্যালয়ঃ পাটকেলঘাটা, সাতক্ষীরা

দুরালাপনী
জেনারেল ম্যানেজার : ০১৭৬৯-৪০০০৭২
অফিস / অভিযোগ কেন্দ্র : ০১৭৬৯-৪০১৯১০
Web site : pbs.satkhira.gov.bd
E-mail : satkhirapbs@yahoo.com

স্মারক নং- ২৭.১২.৮৭৯০.৫১৫.০০২.০৮.২১.৮০০৮

তারিখঃ ২০/০১/১৪২৮ বঙ্গাব্দ
০৩/০৫/২০২১ খ্রিস্টাব্দ

আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি

সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্ন বর্ণিত শূণ্য পদ পূরনের লক্ষ্যে সংশোধিত পবিস নীতি নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন কম্পিউটার অপারেটর পদে কর্মরত আগ্রহী প্রার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সাদা কাগজে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

০১। পদের নামঃ **অফিস সেক্রেটারী।**

প্রার্থীর যোগ্যতাঃ

ক) কম্পিউটার অপারেটর পদে নুন্যতম ০৫ (পাঁচ) বৎসরের সন্তোষজনক কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

খ) প্রতি মিনিটে নুন্যতম ৬০ (ষাট) টি ইংরেজী ও ৪০ (চল্লিশ) টি বাংলা শব্দ শ্রুতি লিখনের দক্ষতা থাকতে হবে।

গ) প্রতি মিনিটে নুন্যতম ইংরেজী ৩৫ (পয়ত্রিশ) অথবা বাংলায় ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে।

ঘ) পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এর Terms And Condition পূরণ করতে হবে।

ঙ) কম্পিউটার অপারেটর পদে সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ণ এর রেটিং নূন্যতম ৩.৫০ থাকতে হবে।

চ) কম্পিউটার উইন্ডোজ অপারেটিং সিস্টেম সম্পর্কিত জ্ঞান থাকতে হবে।

ছ) কম্পিউটার স্প্রেড সীট প্রণয়নের দক্ষতা থাকতে হবে।

জ) ডাটা ব্যাক-আপ ও হার্ডওয়্যার মেইনটেন্যান্স এর জ্ঞান থাকতে হবে।

ঝ) বাংলা ও ইংরেজী ব্যাকরণসহ বানান, বিরাম চিহ্ন ব্যবহার ও বাক্য গঠন জ্ঞান থাকতে হবে।

ঞ) সম্পাদিত কার্যাদি সুবিন্যস্থ ও পরিষ্কার ভাবে উপস্থাপনের দক্ষতা থাকতে হবে।

ট) দাপ্তরিক চিঠিপত্র, তথ্যাদি রিপোর্ট ইত্যাদি নথিভুক্ত করণের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।

ঠ) দর্শনার্থীদের সাথে সৌজন্যমুলক ও মাধুর্যপূর্ণ আচরণের মানসিকতা থাকতে হবে।

শর্তাবলীঃ

০১। আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা, (ঝ) শিক্ষাগত যোগ্যতা, (ঞ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ও নিয়মিত করনের তারিখ (ট) বর্তমান পদে যোগদান ও নিয়মিত করনের তারিখ উল্লেখ পূর্বক যোগদান ও নিয়মিতকরন পত্রের ফটোকপি, পবিস নির্দেশিকা অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে), বিগত ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূলায়নের সত্যায়িত ফটোকপি, সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি, ইউনিয়ন পরিষদের চেয়্যারম্যান/সিটি কর্পোরেশন/পৌরসভা মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি {ছবি এবং দরখাস্তের সাথে দাখিলকৃত সকল কাগজপত্র এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত করতে হবে} আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০২। আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য সংশ্লিষ্ট পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক সুস্পষ্ট সুপারিশ থাকতে হবে।

০৩। বিগত ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে) ও বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক বিনা আপত্তি সনদপত্রসহ আগামী ২৪/০৫/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকার মধ্যে স্ব-শরীরে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর (সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি, পাটকেলঘাটা, সাতক্ষীরা) এ উপস্থিত থাকতে হবে।

০৪। যে সকল প্রার্থী বিগত ০৩(তিন) বৎসরের মধ্যে কোন গুরুদন্ড, ০১ (এক) বৎসরের মধ্যে কোন লঘুদন্ড, বিগত ০৫ (পাঁচ) বৎসরের ভিতর একের অধিক বার গুরুদন্ড, বিগত ০৪ (চার) বৎসরের ভিতর একবার গুরুদন্ড ও একবার লঘুদন্ড, বিগত ০৩ (তিন) বৎসরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন, যাদের বিরুদ্ধে কোন তদন্ত প্রক্রিয়াধীন আছে, ইতোপূর্বে কোন পবিসের চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগ করেছেন অথবা পদোন্নতির জন্য ০৩(তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্তনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন- এরুপ প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

০৫। অফিস সেক্রেটারী পদে নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১(এক) বছরের জন্য "চলতি দায়িত্ব" পদে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে কর্মরত থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও প্রযোজ্য অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে অফিস সেক্রেটারী পদে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে প্রত্যাবর্তন করা হবে।

০৬। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩/৩০০-১৭ অনুযায়ী মুল বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

০৭। পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল তথ্যাদি প্রযোজ্য হবেঃ
(ক) পবিস নির্দেশিকা ৩০০-১৪ এর সংশ্লিষ্ট পদের "পদ বিবরণী" তে উল্লেখিত সকল শর্তাদি পূরণ করতে হবে।
(খ) পদোন্নতির বিষয়ে পবিস নির্দেশিকা ৩০০-২৪ এর অনুচ্ছেদ-এ তে উল্লেখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে।
(গ) পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত- ২০১২) এর ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।

০৮। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র সমিতির ভৌগোলিক এলাকার (আশাশুনি, শ্যামনগর, কালীগঞ্জ, কলারোয়া,দেবহাটা, সাতক্ষীরা সদর ও তালা উপজেলা) প্রার্থীদের আবেদন করার করার প্রয়োজন নাই।

০৯। অত্র সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী অথবা সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের রক্ত সম্পর্কীয় কিংবা তাদের স্বামী/স্ত্রীর রক্ত সম্পর্কীয় কারও আবেদন করার প্রয়োজন নাই।

১০। বর্ণিত পদে কোন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখান করতে পারবেন না।

১১। তথ্য গোপন করে যদি কেউ নিয়োগ প্রাপ্ত হন তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৩। নির্বাচনী সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। যেকোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৫। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যেকোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

03/05/21
(প্রকৌঃ সন্তোষ কুমার সাহা)
জেনারেল ম্যানেজার

অনুলিপি (সদয় অবগতির জন্য):

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক পবিস মানব সম্পদ/পবিস মঃ ও ব্যঃ পঃ (দঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড ঢাকা।
০৩। পরিচালক, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড ঢাকা।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার...................................পবিস-১/২/৩/৪।
০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, সাতক্ষীরা।
০৬। ডিজিএম (কারিগরী)/ কালীগঞ্জ/ঝাউডাঙ্গা/আশাশুনি/শ্যামনগর/কলারোয়া জোঃঅঃ, সাতক্ষীরা পবিস।
০৭। এজিএম (প্রশাসন/অর্থ/সঃসেবা/ওএন্ডএম/ইএন্ডসি), সাতক্ষীরা পবিস।
০৮। এজিএম (ওএন্ডএম) তালা/দেবহাটা সাব-জোঃঅঃ, সাতক্ষীরা পবিস।
০৯। সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১/২),সাতক্ষীরা পবিস (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
১০। নোটিশ বোর্ড, সাতক্ষীরা পবিস।

03/05/21
(প্রকৌঃ সন্তোষ কুমার সাহা)
জেনারেল ম্যানেজার

Z:\Ruby\1 My Document\G.S\অফিস সেক্রেটারী\নিয়োগ বিজ্ঞপ্তি.docx